গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

স্মারক নং-৪৪.০৩.৭২৭৪.০০.৩০০.০০০.২৫-..১১৫ তারিখঃ ১২/০৬/২০২৫ খ্রিঃ

## নোটিশ

এতদ্বারা নেত্রকোণা সদর উপজেলা পরিষদের আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটির সদস্যবৃন্দের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আগামী ১৯/০৬/২০২৫ খ্রিঃ তারিখ সকাল ১১:৩০ ঘটিকায় জুন/২০২৫ মাসের দ্বি-মাসিক সভা "উপজেলা পরিষদ সভাকক্ষে" আহবান করা হয়েছে।

উক্ত কমিটির একজন সম্মানিত সদস্য হিসেবে আপনাকে যথাসময়ে সভায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১২/০৬/২৫
মোঃ আবু সাঈদ
বিএডি: ২১০০০০৪৭১
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
নেত্রকোণা সদর, নেত্রকোণা।
তারিখঃ ১২/০৬/২০২৫ খ্রিঃ

স্মারক নং-৪৪.০৩.৭২৭৪.০০.৩০০.০০০.২৫-..১১৫

**অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-**

০১। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০২। জনাব.............................., চেয়ারম্যান.................ইউনিয়ন ও সদস্য,
আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৩। অফিস/মাস্টার কপি।

১২/০৬/২৫
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

...না সদর উপজেলা পরিষদের আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটির জুন/২০২৫ মাসের দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ-

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আসমা বিনতে রফিক<br>উপজেলা প্রশাসক, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা। |
| সভার তারিখ | : | ১৯/০৬/২০২৫ খ্রিঃ। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| সময় | : | সকাল ১১:৩০ ঘটিকা। |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি মহোদয়ের অনুরোধ ক্রমে সদস্য সচিব, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নিম্নে উল্লেখিত আলোচ্যসূচী উপস্থাপন করেন ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচী:-

০১। মার্চ/২০২৫ মাসের আইন-শৃঙ্খলা বিষয়ক সার্বিক পর্যালোচনা।

০২। সকল ইউনিয়নের আইন-শৃঙ্খলা কমিটির সভা সংগঠন সংক্রান্ত আলোচনা।

০৩। মাদক নির্মূল ও পুনর্বাসন সংক্রান্ত আলোচনা।

০৪। অন্যান্য বিষয়ে আলোচনা।

## সিদ্ধান্ত সমূহ

আলোচনা মার্চ ও জুন ২০২৫ খ্রিঃ মাসের আইন-শৃঙ্খলা বিষয়ক পর্যালোচনা:-
সভাপতি মহোদয় বিগত মার্চ/২০২৫ খ্রিঃ মাসের সার্বিক আইন-শৃঙ্খলা বিষয়ে জানতে চাইলে সভায় উপস্থিত উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, নেত্রকোণা সদর এর সার্বিক আইন-শৃঙ্খলা বিষয়ক চিত্র তুলে ধরেন।

চেয়ারম্যান, কাইলাটী ইউনিয়ন পরিষদ এর উদ্ধৃতিতে তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিত স্বাভাবিক রয়েছে। মাদক মোটামুটি নিয়ন্ত্রনে আছে। কাইলাটী ইউয়নিয়নে পুলিশি তৎপরতার কারনে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। কোন সমস্যা নাই। মেদনী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়ের ভাষ্যমতে তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো আছে। মাদক শূন্য পর্যায় নামিয়ে আনার জন্য সরকার যথাযথ পদক্ষেপ নিয়েছেন আর এ সময় মাদক সেবীরা গা-ঢাকা দিয়েছে। মাদক নির্মূল হলে এলাকায় চুরি-ডাকাতি নির্মুল হবে ও সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকবে। এলাকার জনসাধারণ শান্তিতে বসবাস করতে পারবেন।

সভায় সভপাতি মহোদয় জনান যে, সরকার মাদকের বিরুদ্ধে যথাযথ পদক্ষেপ নিয়েছেন। মাদকের কারণে অনেক সংসার ধ্বংস হয়ে যাচ্ছে। মাদকাসক্তদের মাদক থেকে মুক্ত করে যথাযথ পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। তিনি আরোয় বলেন যে, বর্তমান সরকার মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষণা করেছেন। এছাড়াও বাল্য বিবাহ প্রতিরোধকল্পে সকল জনপ্রতিনিধিবৃন্দকে সহায়ক ভূমিকা পালনের নির্দেশনা দেন। সভায় আর কোন আলোচনা নাথাকায় উপস্থিত সকল সদস্যগনকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৯/০৬/২৫

(আসমা বিনতে রফিক)
সভাপতি
আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি ও
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা।
তারিখ: ১৯/০৬/২০২৫ খ্রিঃ

স্মারক নং-৪৪.০৩.৭২৭৪.০০.৩০০.০০০.২৫-২১৭

**অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:-**

০১। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

০২। জনাব................................, চেয়ারম্যান..................ইউনিয়ন ও সদস্য,
আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

০৩। অফিস/মাস্টার কপি।

১৯/০৬/২৫

মো: আবু সাঈদ
বিএডি: ২১০০০০৪৭১
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

**নেত্রকোণা সদর উপজেলা পরিষদের আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটির ১৯/০৬/২০২৫ খ্রিঃ মাসের দ্বি-মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরাঃ-**

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার<br>নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সভাপতি | |
| ০২ | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা<br>নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান, কাইলাটী ইউনিয়ন পরিষদ,<br>নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সদস্য | ১৯/০৬/২৫ |
| ০৪ | চেয়ারম্যান, মেদনী ইউনিয়ন পরিষদ<br>নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সদস্য | |
| ০৫ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা<br>নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সদস্য সচিব | ১৯/০৬/২৫ |